# ফরিদপুর পৌরসভা

ফরিদপুর, বাংলাদেশ।



"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ফ:পৌর:সাধা:/২০২২/১২৪৮ (১৮)

তারিখ : ২৮/১১/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৮.২২-১৪৮০, তারিখ : ২৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ, ০৯ নভেম্বর ২০২২ এর ছাড়পত্রের আলোকে ফরিদপুর পৌরসভা কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্যপদ সমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে নিম্নের শর্তানুযায়ী উপযুক্ত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকবৃন্দের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বিবেচনাযোগ্য পদ সংখ্যা | বেতনক্রম, গ্রেপি ও গ্রেড (জাতীয় বেতন ক্রম ২০১৫) | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী এ্যাসেসর | ০১ (এক)টি | ৯৭০০ -২৩৪৯০ ১৫তম | ৩য় | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০২ | সহকারী লাইসেন্স পরিদর্শক | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০ ১৬তম | ৩য় | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ০৩ | সহকারী কর আদায়কারী | ০১ (এক)টি | ৯৭০০-২৩৪৯০ ১৫তম | ৩য় | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০৪ | হিসাব রক্ষক | ০১ (এক)টি | ১১০০০ - ২৬৫৯০ ১৩তম | ৩য় | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যিক বিভাগে স্নাতক ডিগ্রি। হিসাবরক্ষণ কাজে ন্যূনতম ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৫ | বাজার পরিদর্শক | ০১ (এক)টি | ১০২০০ - ২৪৬৮০ ১৪তম | ৩য় | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৬ | কঞ্জারভেন্সী ইন্সপেক্টর | ০১ (এক)টি | ৯৭০০ -২৩৪৯০ ১৫তম | ৩য় | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে এইচ,এস,সি পাস। কঞ্জারভেন্সী কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৭ | স্বাস্থ্য সহকারী | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০ ১৬তম | ৩য় | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে এইচ,এস,সি পাস। (বিজ্ঞান/জীববিজ্ঞানসহ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৮ | হিসাব সহকারী | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০ ১৬তম | ৩য় | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে উচ্চমাধ্যমিক অথবা সমমানের পরীক্ষা পাস । |
| ০৯ | পাইপ লাইন মেকানিক | ০২ (দুই)টি | ৯০০০-২১৮০০ ১৭তম | ৪র্থ | ৮ম শ্রেণি পাস। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হবে। |
| ১০ | নলকূপ মিস্ত্রি | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০ ১৬তম | ৩য় | ৮ম শ্রেণি পাস। সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হবে। |
| ১১ | স্টোরকিপার | ০১ (এক)টি | ৯৭০০ -২৩৪৯০ ১৫তম | ৩য় | স্নাতক ডিগ্রিসহ স্টোর রক্ষণাবেক্ষণে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা |
| ১২ | কার্য সহকারী | ০১ (এক)টি | ৯৩০০ -২২৪৯০ ১৬তম | ৩য় | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ১৩ | বিদ্যুৎ মিস্ত্রি | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০ ১৬তম | ৩য় | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে বি-সেকশন লাইসেন্সধারী হইতে হইবে। |
| ১৪ | লাইনম্যান | ০১ (এক)টি | ৮৮০০- ২১৩১০ ১৮তম | ৪র্থ | স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বৈদ্যুতিক সংযোগ কাজে প্রশিক্ষণ কোর্সের সনদপত্র প্রাপ্ত। অবশ্যই বি -শ্রেণির বৈদ্যুতিক ওয়ার্ক পারমিট থাকিতে হইবে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণি পাস হইতে হইবে। |
| ১৫ | ট্রাক চালক | ০২ (দুই)টি | ৯৭০০ -২৩৪৯০ ১৫তম | ৩য় | ৮ম শ্রেণি পাশসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

**আবেদনকারীদের জন্য অনুস্মরণীয় শর্তাবলীঃ**

০১। আবেদকারীর বয়স ২০ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।

০২। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার সন্তানাদির ক্ষেত্রে বয়স ৩০ বছর পর্যন্ত গ্রহণযোগ্য। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র ও বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পোষ্য সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

০৩। উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। ইচ্ছুক প্রার্থীগণের স্বহস্তে লিখিত দরখাস্তে যা সন্নিবেশিত হতে হবে।
(ক) নাম (স্পষ্টাক্ষরে), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ (ছ) ২০ ডিসেম্বর ২০২২ খ্রিঃ প্রার্থীর বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) ধর্ম, (ট) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

০৫। দরখাস্ত মেয়র, ফরিদপুর পৌরসভা বরাবরে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২৯ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে/পূর্বে কোন দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

০৬। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি।
(খ) সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদের মেয়র/চেয়ারম্যান এর নিকট হতে জাতীয়তা (নাগরিকত্ব) সনদ এবং জন্ম সনদের সত্যায়িত ছায়ালিপি।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র।
(ঙ) প্রত্যেক আবেদনকারীকে দরখাস্তের সাথে অবশ্যই মেয়র, ফরিদপুর পৌরসভার অনুকূলে বাংলাদেশের যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে ৪০০/- (টাকা চার শত মাত্র) অফেরতযোগ্য সিডি/বিডি/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে।

০৭। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে।

০৯। কোন তথ্য গোপন করে, ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করতঃ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১১। সরকারি বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩। এ নিয়োগে পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের যাবতীয় বেতন-ভাতাদি পৌরসভার নিজস্ব/রাজস্ব তহবিল হতে প্রদান করা হবে।

১৫। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বিবেচনা করা হবে না।

Activate Windows
Go to Settings to activate Windows.

(অমিতাভ বোস)
মেয়র
ফরিদপুর পৌরসভা।

দৈনিক প্রথম আলো, তারিখ- ৩০/১১/২০২২ ইং